

ও মন রমজানের ঐ রোজার শেষে

কাজী নজরুল ইসলাম

ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ ।

তুই আপনাকে আজ বিলিয়ে দে শোন আসমানী তাকিদ ॥

তোর সোনাদানা বালাখানা সব রাহে লিঙ্গাহ

দে জাকাত মুর্দা মুসলিমের আজ ভাঙাইতে নিঁদ ॥

তুই পড়বি ঈদের নামাজ রে মন সেই সে ঈদগাহে

যে ময়দানে সব গাজী মুসলিম হয়েছে শহীদ ॥

আজ ভুলে গিয়ে দোষ্ট দুশমন হাত মিলাও হাতে,

তোর প্রেম দিয়ে কর বিশ্ব নিখিল ইসলামে মুরিদ ॥

যারা জীবন ভরে রাখছে রোজা নিত- উপবাসী

সেই গরীব মিস্কিন দে যা কিছু মফিদ ॥

ঢাল হৃদয়ের তোর তশতরীতে শিরনী তৌহিদের,

তোর দওত করবুল করবেন হ্যরত, হ্য মনে উমিদ ॥

তোরে মারল ছুঁড়ে জুড়ে ইঁট পাথর যারা

সেই পাথর দিয়ে তোলৱে গড়ে প্রেমেরি মসজিদ ॥